**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ২০ জানুয়ারি ২০১৬, ৭ মাঘ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। তেজগাঁওয়ে আর শিল্প প্রতিষ্ঠা না করতে প্রধানমন্ত্রীর নির্দেশ

: একনেকে দশ প্রকল্প অনুমোদন

২। রাষ্ট্রপতির কাছে ভারত ও ব্রিটিশ হাইকমিশনারের পরিচয়পত্র পেশ

৩। সালাহউদ্দিনকে ফিরিয়ে আনার কথা বললেন স্বরাষ্ট্রমন্ত্রী

৪। প্রধানমন্ত্রী আজ গাজীপুর যাচ্ছেন : কাশিমপুর কারাগারে উৎসবের আমেজ

৫। দেশে বিনিয়োগ করুন বাধা দূর করব : অনাবাসী বাংলাদেশির প্রতি প্রবাসীকল্যাণ মন্ত্রী

৬। দশম জাতীয় সংসদের নবম অধিবেশন আজ

৭। শিক্ষা প্রতিষ্ঠানের গেটে নিরাপত্তা প্রহরী মোতায়েনের নির্দেশ

৮। আজ থেকে ক্লাসে ফিরছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা

আন্দোলন থেকে সরে আসছে প্রকৃচি ও ২৬ ক্যাডার

৯। ভিকারুননিসার গভর্নিং বডি কেন অবৈধ নয়, হাইকোর্টের রুল জারি

১০। মৃত সন্তান প্রসবের তালিকায় বাংলাদেশ সপ্তম : ল্যানসেট-এর প্রতিবেদন

চলমান পাতা/২

**১। তেজগাঁওয়ে আর শিল্প প্রতিষ্ঠা না করতে প্রধানমন্ত্রীর নির্দেশ : একনেকে দশ প্রকল্প অনুমোদন**

রাজধানীর তেজগাঁওয়ে নতুন করে শিল্প কারখানা স্থাপন না করার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তবে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করার জন্য ভবন তৈরি করা যাবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে শেরে বাংলানগরস্থ এনইসি সম্মেলন কক্ষে গতকাল ১৯ জানুয়ারি মঙ্গলবার জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির বৈঠকে এ নির্দেশনা দেওয়া হয়। বৈঠক শেষে পরিকল্পনা মন্ত্রী আহম মুস্তফা কামাল সাংবাদিকদের জানান একনেক বৈঠকে মগবাজার-মৌচাক ফ্লাইওভার নির্মাণ প্রকল্পের মেয়াদ ২০১৭ সাল পর্যন্ত বৃদ্ধির সাথে এর ব্যয় প্রায় ৫৮ শতাংশ বাড়ানোর প্রস্তাব অনুমোদন করা হয়েছে। সবমিলিয়ে ৪ হাজার ৮৩০ কোটি ৯২ লাখ টাকা ব্যয় সম্বলিত ১০ প্রকল্প একনেকে অনুমোদন দেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (শেষ পৃ,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৬) **অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২। রাষ্ট্রপতির কাছে ভারত ও ব্রিটিশ হাইকমিশনারের পরিচয়পত্র পেশ**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে পরিচয়পত্র পেশ করেছেন ঢাকায় নিযুক্ত নতুন ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা ও ব্রিটিশ হাইকমিশনার অ্যালিসন ব্লেক। পরিচয় পেশকালে নবনিযুক্ত ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা রাষ্ট্রপতি মো. আবদুল হামিদকে দেশটির সরকার ও জনগণকে উষ্ণ শুভেচ্ছা জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৭), **প্রথম আলো** (পৃ.২,ক.৮), **নিউ এজ** (শেষ পৃ,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**৩। সালাহউদ্দিনকে ফিরিয়ে আনার কথা বললেন স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন বিচার প্রক্রিয়া শেষ হলে ভারতে আটক বিএনপি নেতা সালাহউদ্দিন আহমেদকে ফিরিয়ে আনা হবে। তবে তার বিনিময়ে বাংলাদেশের কারাগারে বন্দি ভারতীয় শীর্ষ সন্ত্রাসী দাউদ মার্চেন্টকে সেদেশে হস্তান্তর করছে না সরকার। গতকাল ১৯ জানুয়ারি মঙ্গলবার সচিবালয়ে নিজ দফতরে ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের নেতাদের সঙ্গে আলাপকালে এ তথ্য জানান মন্ত্রী। সূত্র- **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.৪,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

**৪। প্রধানমন্ত্রী আজ গাজীপুর যাচ্ছেন : কাশিমপুর কারাগারে উৎসবের আমেজ**

কারা সপ্তাহ উদ্বোধন উপলক্ষে গাজীপুরের কাশিমপুর কেন্দ্রীয় কারাগারে আসছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা । প্রধানমন্ত্রীর আগমনকে ঘিরে উৎসবের আমেজ বিরাজ করছে কারা অভ্যন্তরে। আজ ২০ জানুয়ারি বুধবার বেলা সাড়ে ৯ টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাশিমপুর কারাগারে আসার কথা রয়েছে। তিনি কারাগারে এসে কারা সপ্তাহ উদ্বোধন করবেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৪), **যুগান্তর** (পৃ.২ক.৮)।

## ৫। দেশে বিনিয়োগ করুন, বাধা দূর করব : অনাবাসী বাংলাদেশির প্রতি প্রবাসী কল্যাণ মন্ত্রী

বিদেশের মাটিতে আয় করা অর্থ দেশেই বিনিয়োগ করতে অনাবাসী বাংলাদেশির প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছেন প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। একইসঙ্গে তিনি প্রতিশ্রুতি দিয়ে বলেছেন, 'আপনারা দেশে বিনিয়োগ নিয়ে আসুন। বিনিয়োগে কোনো প্রতিবন্ধকতা তৈরি হলে সব প্রতিবন্ধকতা দূর করার চেষ্টা করব। গতকাল ১৯ জানুয়ারি মঙ্গলবার রাজধানীর ইস্কাটনের প্রবাসীকল্যাণ ভবনে অনাবাসী বাংলাদেশীদের হাতে সিআইপি কার্ড ও সনদ বিতরণ অনুষ্ঠানে মন্ত্রী এ আহ্বান জানান ও প্রতিশ্রুতি দেন। অনুষ্ঠানে ২০১৪ সালে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদানের জন্য দশ অনাবাসী বাংলাদেশিকে বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তির মর্যাদা দেওয়া হয়। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৪), **প্রথম আলো**

(পৃ.১২,ক.৪), **সংবাদ** (শেষ পৃ,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ,ক.৫)।



## ৬। দশম জাতীয় সংসদের নবম অধিবেশন আজ

দশম জাতীয় সংসদের ৯ম অধিবেশন আজ ২০ জানুয়ারি বুধবার বিকেল ৪টায় শুরু হবে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সংবিধানের ৭২ অনুচ্ছেদ (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে গত ৪ জানুয়ারি এ অধিবেশনের আহ্বান করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৮), **যুগান্তর** (শেষ পৃ,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১ক.১)।

## ৭। শিক্ষা প্রতিষ্ঠানের গেটে নিরাপত্তা প্রহরী মোতায়েনের নির্দেশ

শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণে (সাধারণ মাদ্রাসা, কারিগরি, ইংরেজি মাধ্যমের) শিক্ষা প্রতিষ্ঠানের গেটে ইউনিফর্মধারী নিরাপত্তা প্রহরী মোতায়েনের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। একই সঙ্গে বাল্যবিবাহ রোধে অগ্রণী ভূমিকা পালনের জন্য স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের প্রতি নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয় থেকে গতকাল ১৯ জানুয়ারি মঙ্গলবার জারি করা পৃথক দুটি পরিপত্রে এ নির্দেশনা প্রদান করা হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **প্রথম আলো** (শেষ পৃ,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭), **বাংলাদেশ টুডে** ( পৃ.১ক.৪)।

## ৮। আজ থেকে ক্লাসে ফিরছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা

### আন্দোলন থেকে সরে আসছে প্রকৃচি ও ২৬ ক্যাডার

আজ বুধবার ২০ জানুয়ারি থেকে ক্লাসে ফিরছেন পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। গতকাল ১৯ জানুয়ারি মঙ্গলবার শিক্ষক সমিতি ফেডারেশনের বৈঠকে কর্মসূচি স্থগিত করে ক্লাসে ফিরে যাবার সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে শেষে শিক্ষক সমিতি ফেডারেশন নেতারা তাদের এ সিদ্ধান্তের কথা জানান।

সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (শেষ পৃ,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬),

**জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

দাবি মেনে নেওয়ার আশ্বাসের পরিপ্রেক্ষিতে আন্দোলন কর্মসূচি থেকে সরে আসছেন প্রকৌশলী, কৃষিবিদ, চিকিৎসক এবং ২৬ ক্যাডার ও বিভিন্ন ফাংশনাল সার্ভিসের কর্মকর্তারা। গতকাল **১৯** জানুয়ারি মঙ্গলবার জনপ্রশাসন ও স্থানীয় সরকার সচিবের সাথে বৈঠকে আন্দোলন থেকে সরে আসার ইঙ্গিত দেন প্রকৃচি ও বিসিএস সমন্বয় কমিটির নেতারা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **যুগান্তর** (পৃ.১,ক.৪)।

**৯। ভিকারুননিসার গভর্নিং বডি কেন অবৈধ নয়, হাইকোর্টের রুল জারি**

রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ পরিচালনায় গভর্নিং বডি কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। আগামী চার সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও কলেজ পরিদর্শক, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের অধ্যক্ষসহ সংশ্লিষ্ট বিবাদীদেরকে রুলের জবাব দিতে বলা হয়েছে। রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি জিনাত আরা ও বিচারপতি কেএম কামরুল কাদেরের ডিভিশন বেঞ্চ গতকাল **১৯** জানুয়ারি মঙ্গলবার এ রুল জারি করে।

সূত্র- **ইত্তেফাক** (পৃ.২ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** ( পৃ.৩ ক.৭), **নিউজ টুডে** ( পৃ.১. ক.৮)।

**১০। মৃত সন্তান প্রসবের তালিকায় বাংলাদেশ সপ্তম : ল্যানসেট-এর প্রতিবেদন**

প্রভাবশালী চিকিৎসক ও স্বাস্থ্যসাময়িকী দ্য ল্যানসেট-এর প্রতিবেদন বলছে, মৃত সন্তান প্রসব হয় এমন শীর্ষ **১০**টি দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান সপ্তম। ল্যানসেট গতকাল **১৯** জানুয়ারি মঙ্গলবার 'মৃত সন্তান প্রসব' নিয়ে এই প্রতিবেদন প্রকাশ করেছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.২), **নিউ এজ** (পৃ.১.ক.৫) **ডেইলি সান** ( পৃ.**১**৫ ক.৬)।



## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** সিলেটের জৈন্তাপুর উপজেলার রাংপানি নদীর উৎসমুখে পাথর তোলার অবৈধ কর্মকাণ্ড বেপরোয়া মাত্রা অর্জন করেছে উল্লেখ করে রাংপানিসহ পিয়াইন নদ ও ডাউকি নদী থেকে পাথর উত্তোলনের সাথে জড়িতদের বিরুদ্ধে পরিবেশ সংরক্ষণ আইন কঠোরভাবে প্রয়োগের দাবি।

খ. **ইত্তেফাক :** কৃষি পণ্যের ন্যায্যমূল্য নির্ধারণের জন্য জাতীয় কমিশন গঠনের সুপারিশ।

গ. **সংবাদ :** মেট্রোরেলের জন্য পরিচালিত এক সমীক্ষায় বলা হয়েছে মেট্রোরেল নির্মাণের ফলে ঢাকা শহরের ৭১টি ঐতিহ্যবাহী ও প্রত্নতাত্ত্বিক নির্দশন ক্ষতিগ্রস্ত হচ্ছে উল্লেখ করে ঐতিহাসিক নিদর্শনগুলি রক্ষা করে মেট্রোরেল করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সমকাল :** নাগরিক সমাজে গ্যাস ও পানির সংকট নিরসনে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর, সমকাল :** রাজধানীর আবাসিক ভবন ও পাবলিক প্লেস বাণিজ্যিক ভবন হিসেবে ব্যবহার বন্ধে রাজউকের অভিযান শুরু হওয়ায় স্বাগত জানিয়ে এসব অভিযানের পর অনিয়ম ও জনদুর্ভোগ কমবে বলে মত প্রকাশ।

চ. **ডেইলি সান, ভোরের কাগজ, যায়যায়দিন :** চট্টগ্রামের পতেঙ্গায় কর্ণফুলী নদীতে অভিযান চালিয়ে একটি ট্রলার থেকে ২৮ লাখ ইয়াবা উদ্ধার করেছে র‌্যাব এ খবরে উদ্বেগ প্রকাশ করে দেশে ইয়াবার প্রবেশ রোধে আটক অভিযানের পাশাপাশি আরও কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি স্টার :** সড়ক দুর্ঘটনা রোধে কঠোর আইন প্রয়োগের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে শিল্পায়নই সত্যিকার অর্থে পরিবর্তন আনতে পারে বাংলাদেশের মতো দেশের বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'বাংলাদেশের পুলিশ জনগণের বন্ধু হবে কবে'** শিরোনামের নিবন্ধে জয়নাল আবেদীন পুলিশকে নিজেদের দলীয় স্বার্থে ব্যবহার না করে স্বাধীনভাবে চলতে দিলে পুলিশ জনগণের বন্ধু হিসেবে কাজ করতে পারবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা